

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মনিরামপুর, যশোর।

স্মারক নম্বর: ১৭.০৫.৪১৬১.০০০.৫১.০০১.২০-৬৮৮


তারিখ: ১৫ অক্টোবর ২০২৪ খ্রি.

বিষয়: সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: ১৭.০৫.৪১০০.০০০.০৬.০০১.১৯-৭৬৩ তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, মনিরামপুর, যশোর এ নিম্নোক্ত শিরোনামের প্রেক্ষিতে কার্যক্রম বাস্তবায়নপূর্বক প্রতিবেদন প্রেরণ করা হলো।

ক্রমিক নং	সংস্কার পরিকল্পনা/ কার্যক্রমের শিরোনাম	সংস্কার পরিকল্পনা/ কার্যক্রমের বর্ণনা	সংস্কার পরিকল্পনা কার্যক্রম গ্রহণের তারিখ	গৃহিত সংস্কার পরিকল্পনা/ কার্যক্রম সমাপ্তির তারিখ	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	জাতীয় পরিচয়পত্র সেবাসহ সকল ধরনের সেবা দুর্নীতিমুক্ত ও সহজীকরণে নিয়মিত মনিটরিং	অফিসে আগত সেবাপ্রার্থীদের সেবা প্রদানের জন্য ওয়ানস্টপ সার্ভিস চালু করা হয়েছে এবং আগত সেবা গ্রহীতাদের তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করে ওয়েব পোর্টালসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হচ্ছে	০১/১০/২০২৪ হতে	চলমান	উপজেলা নির্বাচন অফিসার, মনিরামপুর, যশোর।
০২	হারানো জাতীয় পরিচয়পত্র উত্তোলনে সহজীকরণ	হারানো জাতীয় পরিচয়পত্র আবেদন প্রতিদিন নিষ্পন্ন করা হচ্ছে এবং জিডি ব্যতীত আবেদন অনুমোদন করা হচ্ছে।	০১/১০/২০২৪ হতে	চলমান	
০৩	নতুন ভোটার অন্তর্ভুক্তি ও জাতীয় পরিচয়পত্র প্রাপ্তিতে সেবা সহজীকরণ	নতুন ভোটার অন্তর্ভুক্তির জন্য যে সকল কাগজপত্র প্রয়োজন তা নোটিশ বোর্ডসহ ওয়েব পোর্টালে প্রকাশ করা হয়েছে এবং যারা নতুন ভোটার হতে বায়োমেট্রিক তথ্য প্রদানের জন্য অফিসে আসছেন তাদের তাৎক্ষণিকভাবে বায়োমেট্রিক গ্রহণ করে ভোটার তথ্য আপলোড করা হচ্ছে।	০১/১০/২০২৪ হতে	চলমান	
০৪	প্রবাসী ভোটার নিবন্ধন সহজ করা	প্রবাসী ভোটারদের ক্ষেত্রে অনলাইনে আবেদন পাওয়া গেলে তা দ্রুততার সাথে নিষ্পন্নের জন্য তার পরিবারের সাথে যোগাযোগ করে নিষ্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	০১/১০/২০২৪ হতে	চলমান	
০৫	জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত	জাতীয় পরিচয়পত্র সংশোধনের জন্য সহকারী উপজেলা নির্বাচন অফিসারের সহযোগিতায় আবেদন প্রাপ্তির পরপরই তদন্ত কার্যক্রমসহ নিষ্পন্নের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং বর্তমানে তদন্ত থাকা আবেদনগুলো আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিষ্পন্ন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	১৫/১০/২০২৪ হতে	২৪-১০-২০২৪	
০৬	সেবা কর্ণার চালু ও জনবান্ধব করা	হেল্প ডেস্কের মাধ্যমে অফিসে আগত সেবাপ্রার্থীদের ওয়ানস্টপ সার্ভিসের মাধ্যমে তাৎক্ষণিকভাবে সেবা প্রদান করা হচ্ছে এবং যে সেবাগুলো তাৎক্ষণিকভাবে দেওয়া সম্ভব হচ্ছে না সে ক্ষেত্রে তাদের মোবাইল নম্বর সংগ্রহ করে পরবর্তীতে দ্রুত বিষয়টি নিষ্পত্তি করে তাদের জানিয়ে দেওয়া হচ্ছে।	০১/১০/২০২৪ হতে	চলমান	
০৭	ফরম-২ স্ক্যান	ফরম-২ স্ক্যানের জন্য স্ক্যানিং অপারেটরের মাধ্যমে প্রতিদিন ৫০০ টি করে ফরম স্ক্যান করা হচ্ছে এবং যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।	০১/১০/২০২৪ হতে	সংরক্ষিত ভোটার নিবন্ধন ফরম-২ স্ক্যানিং শেষ হওয়া পর্যন্ত।	


15.10.24
কল্লোল বিশ্বাস
উপজেলা নির্বাচন অফিসার
মনিরামপুর, যশোর

সিনিয়র জেলা নির্বাচন অফিসার
যশোর।

স্মারক নম্বর: ১৭.০৫.৪১৬১.০০০.৫১.০০১.২০-

তারিখ: ১৫ অক্টোবর ২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা।
- ২। অফিস কপি।